গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা- ১০০০
বিদ্যালয়- ১ অধিশাখা

স্মারক নং- ৩৮.০০৭.০০৫.০০.০০.০০২.১৫ –৭৯

তারিখঃ ২২ ফাল্গুন ১৪২৩ / ৬ মার্চ ২০১৭

# অফিস আদেশ

প্রাথমিক বিদ্যালয় অধিগ্রহণ আইন, ১৯৭৪ এর ৩ (১) ধারার অধীনে প্রণীত অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা ২০১৩ এর বিধি ৪ এর উপবিধি (১) এ প্রদত্ত কর্তৃত্ববলে নিম্নবর্ণিত শর্তাসাপেক্ষে সহকারি শিক্ষক/শিক্ষিকাগণকে ১ জুলাই, ২০১৩ তারিখ হইতে সংশ্লিষ্ট বিদ্যালয়ের সহকারি শিক্ষক/শিক্ষিকা পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইল :

**চট্টগ্রাম বিভাগ ঃ**

| ক্রমিক | জেলা | উপজেলা | বিদ্যালয়ের নাম | শিক্ষকের নাম | পদবী |
|---|---|---|---|---|---|
| ২. | ব্রাহ্মনবাড়ীয়া | সদর | তেলীনগর কমিউনিটি সরকারি প্রাথমিক বিদ্যালয় | ফৌজিয়া আছমা | সহকারি শিক্ষক |
| | | | | মাহমুদা আক্তার | সহকারি শিক্ষক |
| | | | | শিখা রাণী দেবনাথ | সহকারি শিক্ষক |
| | | | | মমতা বালা দেবী | সহকারি শিক্ষক |

**শর্তাবলী :**

(ক) তাহাকে বাংলাদেশের নাগরিক অথবা স্থায়ী বাসিন্দা হইতে হইবে।

(খ) তিনি বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন নাই অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ নহেন মর্মে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন থাকিতে হইবে।

(গ) তাহার অনুকূলে সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসক পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যয়ন থাকিতে হইবে;

(ঘ) তাহার পূর্ব কার্যকলাপ সন্তোষজনক মর্মে যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রতিপাদিত হইতে হইবে;

(ঙ) তিনি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) বা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) বা উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) বা স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর অধীন কোন ইউনিয়ন বা পৌরসভা বা উপজেলা বা সিটি কর্পোরেশনের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মেয়র বা কাউন্সিলর বা সদস্য পদে নির্বাচিত হইয়া থাকিলে উক্ত পদ হইতে পদত্যাগ করিতে হইবে।

(চ) তাহার বয়স সরকারী কর্মচারীর অবসর গ্রহণের বয়সের বেশী নয়।

(ছ) তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে ৩ (তিন) বছরের মধ্যে প্রয়োজনীয় যোগ্যতা অর্জন করিতে হইবে।

০৬.০৩.২০১৭

(গোপল চন্দ্র দাস)
উপসচিব
ফোন : ৯৫১১০৭৩

স্মারক নং- ৩৮.০০৭.০০৫.০০.০০.০০২.১৫ –৭৯

তারিখঃ ২২ ফাল্গুন ১৪২৩ / ৬ মার্চ ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল :

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২। মহাপরিচালক, বাধ্যতামুলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৩। জেলা প্রশাসক, ব্রাহ্মনবাড়ীয়া।
৪। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ, লেখাসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (তাঁকে আদেশটির ৫০ (পঞ্চাশ) কপি মুদ্রণপূর্বক জরুরী ভিত্তিতে সরবরাহের জন্য অনুরোধ জানানো হলো)।
৫। উপ- পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ।
৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ব্রাহ্মনবাড়ীয়া।
৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়ীয়া ।
৮। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (গেজেটটি ওয়েভ সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। উপজেলা শিক্ষা অফিসার, সদর, ব্রাহ্মনবাড়ীয়া ।
১০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সদর, ব্রাহ্মনবাড়ীয়া ।

০৬.০৩.২০১৭

(গোপল চন্দ্র দাস)
উপসচিব
ফোন : ৯৫১১০৭৩